তারিখ ... 5 JAN 2003
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১

সংবাদ

সনি হত্যা মামলা

# ছাত্রদল নেতা মুকি ও টগরসহ ১৫ জনের বিরুদ্ধে চার্জশিট

আদালত প্রতিবেদক : বুয়েটের মেধাবী ছাত্রী সাবেকুন নাহার সনি হত্যা মামলার চার্জশিট দাখিল করা হয়েছে। শনিবার মামলার তদন্তকারী কর্মকর্তা মুকিসহ ১৫ জনকে আসামি করে আদালতে চার্জশিট দাখিল করেন।

মামলায় জাতীয়তাবাদী ছাত্রদল নেতা মোয়াজ্জেম হায়াত খান মুকি ও মুশফিক উদ্দিন টগরকে আসামি করা হয়েছে। এ মামলায় টগরসহ ৯ জন আসামি জেল-হাজতে আছে। অন্য ৬ জন পলাতক রয়েছে। তদন্তকারী কর্মকর্তা এ মামলায় ১৭ জনকে সাক্ষী করেছেন।

চাঞ্চল্যকর এ মামলায় গ্রেফতারকৃত

চার্জশিট : পৃঃ ২ কঃ ৬

## চার্জশিট : মুকি, টগর

( ১ম পৃষ্ঠার পর )

আসামি এবং ঘটনার প্রত্যক্ষদর্শী সাক্ষীসহ ৬ জন আদালতে ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে।

উল্লেখ্য, গত বছর ৮ই জুন বুয়েট ক্যাম্পাসে টেন্ডারবাজির ঘটনায় ছাত্রদলের দু'গ্রুপের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে সনি (২২) মারা যায়। ঘটনাটি দেশে বহুল আলোচিত হয়।

মহানগর গোয়েন্দা পুলিশ মামলাটি তদন্ত করে। মামলার তদন্তকারী কর্মকর্তা ছিলেন ডিবির সহকারী কমিশনার এস. এম. আখতারুজ্জামান।

দীর্ঘ তদন্তশেষে শনিবার আদালতে বহুল আলোচিত সনি হত্যা মামলার চার্জশিট দাখিল করা হয়েছে।